5

দৈনিক ইত্তেফাক

তারিখ 02 FEB 1990
পৃষ্ঠা ৩ কলাম ১

৩/

# আরও তিনটি বিশ্ববিদ্যালয়

(ইত্তেফাক রিপোর্ট)

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বুধবার জাতীয় সংসদকে জানান, যমুনার পূর্ব পাড়ে ও পশ্চিম পাড়ে একটি করিয়া দুইটি এ্যাফেলিয়েটিং বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত ১৯৮৮ সনের ৭ই ডিসেম্বর গৃহীত হইয়াছে। চলতি অর্থ বৎসরে এখাতে ৭৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হইয়াছে। অনুমোদনকারী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় অফিস ঢাকায় স্থাপন করিয়া বর্তমানে প্রকল্প-পত্র তৈরী হইতেছে। আজহারুল হক (ফরিদপুর-৪)-এর

(১০ম পৃঃ দ্রঃ)

## আরও ৩টি বিশ্ববিদ্যালয়

মনিরুল হক চৌধুরী বুধবার রাতে সংসদে এক সিদ্ধান্ত প্রস্তাব উত্থাপন করেন। বিরোধীদল এ প্রস্তাবের প্রতি সমর্থন জানান। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ও পরে প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদের আশ্বাসের প্রেক্ষিতে সদস্য তাহার প্রস্তাব প্রত্যাহার করেন। তাহারা বলেন, প্রায়োগিক শিক্ষা বিস্তার সরকারের নীতি। এ প্রস্তাবের প্রতি সরকারের সহানুভূতি আছে।

এম, এ গোফরান আনীত অপর এক সিদ্ধান্ত প্রস্তাবের জবাবে পূর্ত প্রতিমন্ত্রী মোস্তফা জামাল হায়দার আশ্বাস দেন যে, প্রতিশ্রুত ১০ বৎসরের মধ্যে দেশের সকল জলমহাল নয়া পদ্ধতির ব্যবস্থাপনার আওতায় আনা হইবে।

কাজী রাব্বিউল হাসানের অপর এক সিদ্ধান্ত প্রস্তাবের জবাবে স্বাস্থ্যমন্ত্রী ডাঃ আজিজুর রহমান বলেন, আর কোন মেডিক্যাল কলেজ স্থাপিত হইলে, ছাত্র রাজনীতি নাই ও প্রাইভেট প্রাকটিসের ক্ষেত্র হইবে না—এমন স্থান হিসাবে জয়পুরহাটেই উহা স্থাপিত হওয়া উচিত। জয়পুরহাটে সড়ক নাই, সদস্যের এ মন্তব্যের জবাবে ৩০০ ধারার এক বিবৃতিতে যোগাযোগমন্ত্রী আনোয়ার হোসেন বলেন, এ উক্তি তথ্যভিত্তিক নহে। কারণ বগুড়া হইতে জয়পুরহাট, সেখান হইতে পাঁচবিবি পর্যন্ত সড়ক নির্মিত হইয়াছে।

জাসদ (শা-সি) সদস্য মজহারুল হক শাহ চৌধুরী ৬৮ বিধির এক জনগুরুত্বসম্পন্ন বিষয়ে সংক্ষিপ্ত আলোচনায় বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বন ইনষ্টিটিউট হইতে পাস করা তরুণেরা বনবিভাগে চাকুরী না পাওয়ায় বহু ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে।